দামুড়হুদার হুদাপাড়ায় পিস্তল, গুলি ও ফেন্সিডিল উদ্ধার

দামুড়হুদা উপজেলার ভারতীয় সীমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মাঝপাড়ার মিলন হালসোনার বাড়ির পিছনে গোবরের গাদার ভিতর থেকে পরিত্যাক্ত অবস্থায় পুরাতন কাপড়ের টুকরা দ্বারা মোড়ানো দেশীয় ১টি পুরাতন রিবলবার, তিন রাউন্ড গুলি ও ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি অধিনায়ক লে: কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান (পিএসসি) আজ মঙ্গলবার দুপুর ১২ টায় ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটেলিয়ান সূত্রে জানা গেছে গতকাল সোমবার (১৮ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির মুন্সিপুর বিওপি’র সদস্যরা এসব আগ্নেয়াস্ত্র গুলি ও ফেন্সিডিল জব্দ করে। উদ্ধারকৃত আগ্নেয়াস্ত্র, গুলি ও মাদকদ্রব্য বিজিবি’র ব্যাটালিয়ন সদরে জমাকরণের পাশাপাশি দামুড়হুদা থানায় একটি জিডি সাধারণ ডায়েরি করা হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবীর বলেন চুয়াডাঙ্গা বিজিবি-৬ এর পক্ষ থেকে পিস্তল ও গুলি উদ্ধারের বিষয়ে একটি সাধারন ডায়েরি করা হয়েছে।